গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০২.০০২(অংশ).১৯-৪৩

তারিখঃ ১৩ মাঘ ১৪২৭ ব. / ২৭ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসায় জাল সনদে নিয়োগপ্রাপ্ত সুপার. জনাব ওমর ফারুক আজম-এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র:
(১) টিএমইডি'র (আইন শাখার) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০২.০০২(অংশ).১৯-৪৮৬, তারিখ: ২৮/১২/২০২০খ্রি.
(২) টিএমইডি'র (মাদ্রাসা-১ শাখার) স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭(অংশ-১)-১০১, তারিখ: ২৮/০৭/২০২০খ্রি.
(৩) টিএমইডি'র (মাদ্রাসা-১ শাখার) স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭(অংশ-১)-১০০, তারিখ: ২৮/০৭/২০২০খ্রি.
(৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.২০.১৮৯, তারিখ: ০৬/১২/২০২২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা ওমর ফারুক আজম কর্তৃক দায়েরকৃত স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ (মূল মামলা ৪৮/২০০৮ অন্য প্রকার হতে উদ্ভুত) এর রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯ মামলায় ১৩.১০.১৯ তারিখের আদেশ এর আলোকে টিএমইডি হতে ২৮/১২/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং পত্রমূলে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য মহোদয়-কে অনুরোধ করা হয়েছিল। যথা-

(ক) হাইকোর্ট বিভাগ কর্তৃক সিভিল রিভিশন নং-২৮৩০/১৯ মামলায় গত ১৩.১০.১৯ তারিখের আদেশের পরে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক সিভিল রিভিশন মামলায় চুড়ান্ত কোন আদেশ প্রদান না করা হয়েছে কিনা? সে বিষয়ে হালনাগাদ তথ্যাদি (প্রমাণকসহ) টিএমইডি-তে প্রেরণ করা;

(খ) Specific Relief Act এর 43 ধারা অনুযায়ী উক্ত (অন্য প্রকার নং-৪৮/২০০৮, স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ এবং সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯) মামলাসমূহের কোনটিতেই সরকার পক্ষ Plaintiffs / Defendant-Appellant-Petitioner কোনটিই নয় বিধায় সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯ গত ১৩.১০.১৯ তারিখের আদেশের আলোকে কোন ব্যবস্থা গ্রহণ সরকারের উপর বাধ্যকর (Binding upon) নয় বিধায় টিএমইডি'র মাদ্রাসা শাখা-১ এর ০৬/০২/২০১৯ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭(অংশ-১)/৪৪ সংখ্যক স্মারকের কার্যক্রম (সুপার মাওলানা ওমর ফারুক আজম কর্তৃক কামিল পাস সনদ (তৃতীয় বিভাগ এর স্থলে দ্বিতীয় বিভাগ করা) জালিয়াতির বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো) বহাল রাখার জন্য নির্দেশনা প্রদান করা;

২। উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণক্রমে তথ্যাদি গত ১৫.০১.২০২১ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য মহোদয়-কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু ডিএমই হতে উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার কোন তথ্য জানা যায়নি।

৩। উল্লেখ্য- আইন শাখার উক্ত পত্রের {সূত্রোক্ত (১) নং} পূর্বে এ বিভাগের মাদ্রাসা শাখা-১ হতে ২৮/৭/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে মাওলানা ওমর ফারুক আজম এর কামিল পাস সনদ জালিয়াতির (তৃতীয় বিভাগ এর স্থলে দ্বিতীয় বিভাগ করা) বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণসহ মাদ্রাসা শাখা-১ হতে একই তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে জনাব ওমর ফারুক আজম এর কামিল পাস সনদ জাল প্রমাণিত হওয়ায় তার এমপিও স্থায়ীভাবে বন্ধকরণসহ তৎকর্তৃক উত্তোলিত সমুদয় অর্থ সরকারী কোষাগারে ফেরত আনার ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়-কে অনুরোধ করা হয়। উক্ত পত্র দুটির {সূত্রোক্ত (২) ও (৩) নং} বিষয়ে আইন শাখা অবগত ছিল না।

৪। বিশেষভাবে উল্লেখ্য যে, জনাব ওমর ফারুক আজম এর চাকুরীর সময়সীমা ইতোমধ্যে শেষ হওয়ায় মার্চ/২০২০ হাস হতে স্বয়ংক্রিয়ভাবে তার নাম এমপিও হতে কর্তন হয়েছে মর্মে ডিএমই এর ০৬/১২/২০২০খ্রি. তারিখের সূত্রোক্ত (৪) নং পত্রে উল্লেখ করা হয়েছে। ফলে এমপিও হতে জনাব ওমর ফারুক আজম এর নাম কর্তনের প্রয়োজনীয়তা নেই মর্মে স্পষ্ট হয়।

৫। কিন্তু জাল সনদে নিয়োগপ্রাপ্ত হয়ে জনাব ওমর ফারুক আজম কর্তৃক উত্তোলিত সমুদয় অর্থ সরকারী কোষাগারে ফেরত আনার ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা শাখা-১ হতে ২৮/৭/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে প্রেরিত পত্রের কার্যক্রমটি এখানো বাস্তবায়ন হয়নি মর্মে প্রতীয়মান হয়।

১৪। (i) যেহেতু Specific Relief Act এর 43 ধারা অনুযায়ী (অন্য প্রকার নং-৪৮/২০০৮, স্বত্ব আপীল মামলা নং-১৬০/১৫ এবং সিভিল রিভিশন মামলা নং-২৮৩০/১৯) মামলাসমূহের কোনটিতেই সরকার পক্ষ Plaintiffs / Defendant-Appellant-Petitioner কোনটিই নয় বিধায় সিভিল রিভিশন নং-২৮৩০/১৯ মামলায় গত ১৩/১০/১৯ তারিখের আদেশের আলোকে কোন ব্যবস্থা গ্রহণ সরকারের উপর বাধ্যকর (Binding upon) নয়;

(ii) যেহেতু জনাব ওমর ফারুক আজম এর চাকুরীর সময়সীমা ইতোমধ্যে শেষ হয়েছে এবং মার্চ/২০২০ হাস হতে স্বয়ংক্রিয়ভাবে তাঁর (জনাব ওমর ফারুক আজম) নাম এমপিও হতে কর্তন হয়েছে;

(iii) যেহেতু জাল সনদে নিয়োগপ্রাপ্ত হয়ে জনাব ওমর ফারুক আজম কর্তৃক উত্তোলিত সমুদয় অর্থ সরকারী কোষাগারে ফেরত আনার নিমিত্ত মাদ্রাসা শাখা-১ হতে ২৮/৭/২০২০খ্রি. তারিখে ১০০ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা এখানো বাস্তবায়ন হয়নি মর্মে স্পষ্ট হয় সেহেতু মাদ্রাসা শাখা-১ হতে ২৮/৭/২০২০খ্রি. তারিখে ১০০ নং স্মারকমূলে জারীকৃত পত্রের নির্দেশনা বাস্তবায়ন তথা জাল সনদে নিয়োগপ্রাপ্ত জনাব ওমর ফারুক আজম কর্তৃক উত্তোলিত সমুদয় অর্থ উক্ত ব্যক্তির নিকট হতে আদায়ক্রমে সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করা আবশ্যক।

চলমান পাতা নং-০২

১৫। এমতাবস্থায়, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলহাট উপজেলাধীন জামবাড়িয়া দারুস সুন্নাত নেসারিয়া দাখিল মাদ্রাসায় জাল সনদে সুপার. পদে নিয়োগপ্রাপ্ত হয়ে জনাব ওমর ফারুক আজম কর্তৃক উত্তোলিত সমুদয় অর্থ উক্ত ব্যক্তির নিকট হতে আদায়ক্রমে সরকারি কোষাগারে জমাদান {মাদ্রাসা শাখা-১ হতে ২৮/৭/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা} নিশ্চিতক্রমে জমা প্রদানের প্রমাণকসহ তথ্যাদি টিএমইডি এর অডিট ও আইনএবং মাদ্রাসা উইং এ প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

২৭/০২/২০২৪
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাষ্টার কপি।